

আজ থেকে ১৭ দফা দাবিতে শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

রংপুর দক্ষিণ প্রতিনিধি জানান- আজ শনিবার থেকে রংপুরের বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকরা ১৭ দফা দাবি আদায়ের জন্য ধর্মঘটের ডাক দিয়েছে। গতকাল শুক্রবার দুপুরে স্থানীয় একটি স্কুলে এক সংবাদ সম্মেলনে শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের নেতারা এ ঘোষণা দেন। সংবাদ সম্মেলনে বলা হয়েছে- সরকার হাজার হাজার কোটি টাকা বিলম্বিতার জন্য ব্যয় করলেও শিক্ষকদের দাবিগুলো বাস্তবায়ন করছে না। সংবাদ

সম্মেলনে উপস্থিত ছিলেন কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি রংপুর শাখার সভাপতি আব্দুল ওয়াহেদ মিয়া, সাধারণ সম্পাদক রওশানুল কাওসার সংগ্রাম, শিক্ষক সমিতির সভাপতি মাসুম হাসান, সাধারণ সম্পাদক আতিয়ার রহমান প্রামাণিক, প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুর রউফ সহকারী ওয়াহেদা ইয়াসমিন, মনোজ্বর হোসেন মৃদা, রক্তিক সরকার, আব্দুর রহমান বিলু প্রমুখ।

কাউখালী(শিরোমণিপুর)সংবাদদাতা জা জানান-১৭ দফা দাবি আদায়ে আজ থেকে শিরোমণিপুরের কাউখালীর সব বেসরকারি কলেজ ও উচ্চবিদ্যালয়ে শিক্ষক ধর্মঘটের ডাক দিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ ও শিক্ষক সংগ্রাম কমিটি। গতকাল শুক্রবার সকালে কাউখালী প্রেসক্রাবে সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। সম্মেলনে বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ কাউখালী শাখার আহ্বায়ক গৌতম কুমার দাস, সমন্বয়কারী প্রভাষক নজরুল ইসলাম মান্না, কলেজ শিক্ষক সমিতির সভাপতি সুনিদ কুমার দাস, সংগ্রাম কমিটির যুগ্ম আহ্বায়ক সুবোধ চন্দ্র বেপারী, নারায়ণ চন্দ্র মিশ্রী, মাসুম করীম প্রমুখ।

মুখখালী (ফরিদপুর)
সংবাদদাতা-বেসরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি ও শিক্ষক-কর্মচারী ঐক্য

পরিষদ ঘোষিত কর্মসূচি ১৭ দফা বাস্তবায়নের লক্ষ্যে মুখখালী উপজেলা বেসরকারি শিক্ষক সমিতি আজ শনিবার লাগাতার ধর্মঘট শুরু করেছে। এছাড়া ১৬ সেপ্টেম্বর ঢাকায় মহাসমাবেশ সফল করতে শুক্রবার উপজেলা মাসিককলেপের কার্যালয়ে এক আন্দোলন সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক অদিত চৌধুরীর সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা শিক্ষক সমিতির সভাপতি আদী আকবর, সাধারণ সম্পাদক চৌধুরী ফরিদ হেলাী, মাসিককলেপের সভাপতি রতীন্দ্রনাথ ওহ, সাধারণ সম্পাদক রক্তব আদী মোস্তা, প্রধান শিক্ষক বাদশা মোস্তা, কবিরুল ইসলাম, শক্তিকুল ইসলাম, শিক্ষক প্রতিনিধি রাশেদুল আমিন রণীদ, আবুল কালাম মোস্তা, দীপঙ্কর পাল, খিজা সাহিন হাসান, সুকুমার সাহা, মনিরুজ্জামান মাসুম, আবু দাউদ মোস্তা, নাজির হোসেন, নিরীত কুমার দাস প্রমুখ।

পাটগ্রাম (দামনিরঘাট)
সংবাদদাতা জানান-শিক্ষকদের ১৭দফা দাবি আদায়ের লক্ষ্যে আজ শনিবার থেকে লাগাতার ক্লাস বর্জনের ঘোষণা দিয়েছে মাধ্যমিক ও নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ের পাটগ্রাম উপজেলা শাখার শিক্ষক সমিতি। গতকাল শুক্রবার পাটগ্রাম পাবলিক ক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে শিক্ষক সমিতির নেতারা এ ঘোষণা দেন। এসময় উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির পাটগ্রাম উপজেলা শাখার সভাপতি মোশারফ হোসেন প্রধান, সাধারণ সম্পাদক ওয়ালিউর রহমান সোহেল, সিনিয়র সহ-সভাপতি জয়নাল আবেদীন, সহ-সভাপতি তবিসুর রহমান, দপ্তর সম্পাদক আনিছুর রহমান, সাংগঠনিক সম্পাদক জৌহিদুল ইসলাম, যুগ্ম সম্পাদক মনোজ্বর হোসেন, কাপীরঘাট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফারুক হাসান প্রমুখ।